

## এবার কলেজে ভর্তি হওয়া নিয়ে টেনশন

### যুগান্তর রিপোর্ট

পরীক্ষায় পাসের পর এখন কলেজে ভর্তি নিয়ে টেনশন। জালা একটি কলেজে ভর্তির সুযোগ পাওয়া না পাওয়ার দোষাচরণে শিক্ষার্থী ও তাদের অভিভাবকদের উদ্বেগ-উৎকণ্ঠার শেষ নেই। কলেজে কলেজে দৌড়োয় আর ভর্তি করানোর উপায় ও পথ খোঁজাছুঁড়ি চলেছে এখন। নামকরা

ও গুরুদের একটি কলেজে পড়ার সুযোগ পাওয়ার পূর্বসূত্র জালা ফল। কিন্তু একটি উচ্চ ফল কি সেই নিশ্চয়তা দিতে পারবে? এমন প্রশ্নই এখন ফিরছে সংশ্লিষ্টদের মনে। রাজস্বিক উত্তর অফিস ফুল ও কলেজ থেকে এবার এসএসসিতে গোল্ডেন জিপিএ-৫ লাভ ভর্তি : পৃষ্ঠা ১৫ : কলাম ২

### ভর্তি : টেনশন

(১৬ পৃষ্ঠার পর)

কলেজে আর্থিক মোসামফক চৌধুরী। সে তার উদ্বেগ প্রকাশ করে এভাবে— 'এবার সাড়ে ৫২ হাজার টাকার জিপিএ-৫ লাভ করেছে। এর মধ্যে ঢাকা শহরের কুলগুলো থেকেই পেয়েছে প্রায় এগার হাজার। এটা অবশ্যই ঢাকার কলেজে ভর্তি হবে। কিন্তু নামিদানি কলেজগুলোতে আসনের যে অবস্থা, তাতে সবাইকে কি করে ভাড়া দেয়া সম্ভব হবে। আর্থিক বলেন, ঢাকা থেকে তো কেউ ঢাকার বাইরে বা গ্রামে ভর্তি হবে না।

এ উৎকণ্ঠা আর ভীতি শুধু আর্থিকের নয়, এবারের এসএসসি পরীক্ষায় উত্তীর্ণ কৃতী শিক্ষার্থীদের প্রায় সবাইই। অর্ধ দশতমিক জিপিএ-৫ সংখ্যা এবং দেশের কলেজগুলোতে বিদ্যমান আসন সংখ্যার তুলনামূলক হিসাবের পরিপ্রেক্ষিতে শিক্ষার্থী ও অভিভাবক নির্বিপক্ষে মবার মনে এ একই আশংকার ভ্রম রয়েছে। সংশ্লিষ্টের জানান, জিপিএ-৫ লাভকারী শিক্ষার্থীদের যদি এ অবস্থা হয়, তবে মধ্যমবনের শিক্ষার্থীদের দুর্ভাগ্য আর হতাশার জো শেষই নেই।

এবার শুধু এসএসসিতে সাত বোর্ড থেকে সর্বমোট ৫ লাখ ২৬ হাজার ৫৭৬ জন উত্তীর্ণ হয়েছে। জিপিএ-৫ পেয়েছে ৪১ হাজার ৯১৭ জন। এর মধ্যে ঢাকা বোর্ডেই রয়েছে ১৮ হাজার ৯৩৬ জন আর ঢাকা মহানগরীতে ১০ হাজার ৮৫৭ জন। এবার জিপিএ-৫ এর মতো এবার উচ্চসারির জিপিএপ্রাপ্তদের সংখ্যাও বেশি। এ বছর জিপিএ-৪ থেকে ৫ এর মধ্যে ১ লাখ ২৯ হাজার ৪৯২ জন এবং জিপিএ-৩ ও থেকে ৪ এর মধ্যে পেয়েছে ১ লাখ ২ হাজার ১৫৯ জন। শিক্ষকরা জানিয়েছেন, সাধারণত এই বনের শিক্ষার্থীরা ঢাকায় ভর্তির জন্য আসে। অল্প লাভধারীতে ভালো মানের ১০টি কলেজে আসন আছে প্রায় সাড়ে ৯ হাজার। এ অবস্থা সংশ্লিষ্ট সবাইকেই পকেয় ফেনে দিয়েছে।

### মহুগালয়ে সোমবার বৈঠক

শিক্ষা মন্ত্রণালয়ের বিভিন্ন সূত্র জানায়, একাদশ শ্রেণীতে ভর্তির সমস্যা সংকট মহুগালয়ের নীতি-নির্ধারণদেরও ভাবিচ্ছে তুলেছে। তারা ইতিমধ্যে জরুরি বিভিন্ন বিভাগীয় শহরের নামকরা কলেজগুলোতে ডাবল পিচট চালু, এইচএসসি বন্ধ করে দেয়া, কলেজে আবার এইচএসসি খোলার বিষয়টি চিন্তা-ভাবনা করার জন্য বৈঠকসভায় বলেছেন। মার্কিক বিষয় পর্যবেক্ষণাচরিত হয়ে। আগামী সোমবার এ নিয়ে সর্বোদয় সম্মেলন করা হবে। সূত্র জানায়, নতুন উদ্যোগের মধ্যে ইভেন কলেজ, বরিশালের বিএন কলেজ, কুলনার বিএন কলেজের মতো খ্যাতনামা কলেজে এবার উচ্চ মাধ্যমিক খোলার বিষয়টি সক্রিয় বিবেচনায় রয়েছে। তবে এ বিষয়ে সংশ্লিষ্ট কলেজের শিক্ষকদের মতামতকে প্রাধান্য দেয়া হবে।

প্রথমত, ব্যানবেইন তথা অনুযায়ী দারদেপে উচ্চ-মাধ্যমিক শ্রেণীতে ভর্তিযোগ্য যে ২ হাজার ৭৯৪টি কলেজ আছে, তাতে মোট আসন আছে মাত্র সাড়ে ৪ লাখ। আসনের চেয়ে উত্তীর্ণ শিক্ষার্থী প্রায় ৭৬ হাজার বেশি। মোট কলেজের মধ্যে সরকারি কলেজ ১৪১টিতে আসন আছে ৯২ হাজার ৩৮৬টি। শিক্ষকরা জানান, এ

অবস্থায় সরকার নিয়ন্ত্রিত কলেজগুলোতে আসন বাড়ানো বা ডাবল পিচট চালু এবং বেসরকারি কলেজগুলোতে শিক্ষার মান নিয়ন্ত্রণের বিষয়টি সামনে রেখে আসন বাড়ানোর বিকল্প নেই।

### ভর্তি ৭ আগস্টের মধ্যে

একাদশ শ্রেণীতে ভর্তির তারিখ ইতিমধ্যে সরকার ঘোষণা করেছে। আগামী ৯ আগস্ট রাস বন্ধ করতে হবে। আর ভর্তি সম্পন্ন করতে হবে ৭ আগস্টের মধ্যে। অবশ্য আর্থিক কারণে বিলম্ব হলে ১৭ আগস্ট পর্যন্ত জরিমানা নিয়ে ভর্তি হওয়া যাবে। ভর্তির ক্ষেত্রে এবারও গ্রামাঞ্চল থেকে মধ্যম সারির জিপিএ অর্জনকারীদের জন্য পূর্ব পর্যায়ের কলেজে বাধ্যতামূলকভাবে ১০ ভাগ আসন সংরক্ষণ করতে হবে। সরকারি নীতিমালা অনুযায়ী ভর্তির জন্য অতিরিক্ত ফি আদায় করা যাবে না। শিক্ষা উপদেষ্টা ড. হোসেন হিষ্কার রহমান বলেছেন, নীতিমালা না মানলে কঠোর ব্যবস্থা নেয়া হবে।